□□□□□□□, □□□□□□

□□□□□□□□□□□ □□□□□□ □□□□□ □□□□ □□□□, □□□□□

**Job Category:** Teaching/Academics

**Job Source:** □□□□□ □□□□□□

## Job Summary

**Posted On:** 17 Aug 2025

**Application Deadline:**4 Sep 2025

জেলা প্রশাসন, বগুড়া কর্তৃক পরিচালিত

# কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া

নাটাইপাড়া, বগুড়া সদর, বগুড়া।

EIIN: 136997 College Code: 4370

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, বগুড়া কর্তৃক পরিচালিত কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ এ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ মোতাবেক নিম্নবর্ণিত পদ সমূহে কলেজ শাখায় চুক্তিভিত্তিক প্রভাষক নিয়োগের জন্য পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে-

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বয়স | অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|
| প্রভাষক (চুক্তিভিত্তিক) ইংরেজি-০১ পৌরনীতি-০১ ভূগোল-০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী সম্মানসহ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে। | অনুর্ধ্ব ৩৫ বছর | অধিকতর শিক্ষাগত যোগ্যতা, বিএড ও কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। | সর্বসাকুল্যে ১২,০০০/- (বারো হাজার টাকা) সমপরিমান উৎসব ও বিধিমত বৈশাখী ভাতা প্রদান করা হবে। |

**শর্তাবলি :**

০১. আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র পত্রিকা প্রকাশের তারিখ হতে ১৫(পনেরো) দিনের মধ্যে (ছুটির দিন ব্যতীত) নিম্ন স্বাক্ষরকারী বরাবর অফিস চালাকালীন ডাক যোগে অথবা সরাসরি কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়ায় পৌছাতে হবে এবং খামের উপর পদের নাম লিখতে হবে।

০২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতারসনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি।
খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

০৩. অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মিডল্যান্ড ব্যাংক, জলেশ্বরীতলা বগুড়া শাখা, বগুড়া এর অনুকূলে) জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া বরাবর সংযুক্ত করতে হবে।

০৪. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫. অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কোনো কারণদর্শানো ব্যাতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭. কর্তৃপক্ষ অস্থায়ীভিত্তিতে (চুক্তিভিত্তিক) নিয়োগপ্রাপ্ত প্রভাষকগণের চাকরি পরবর্তীতে স্থায়ীকরণের নিশ্চয়তা প্রদান করবে না।

০৮. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

**একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায়**
**ছাত্র-ছাত্রী ভর্তি চলছে...**

(হোসনা আফরোজা)
জেলা প্রশাসক, বগুড়া
ও
সভাপতি
কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া।